

# ঝুঁঝাত্তু

## মুরাদনগরে চায়ের দোকানে বসে আলিম পরীক্ষা!

প্রকাশ : ১২ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রণ

 মুরাদনগর (কুমিল্লা) প্রতিনিধি

কুমিল্লার মুরাদনগরে চায়ের দোকানে বসে আলিম পরীক্ষা দিলেন এক পরীক্ষার্থী। বৃহস্পতিবার উপজেলার শুশুণ্ডা মাদ্রাসায় পরীক্ষা কেন্দ্রসংলগ্ন চায়ের দোকানে বসে হাবীবুল হক নামে ওই পরীক্ষার্থী বই খুলে আলিম পরীক্ষা দিয়েছেন। এদিকে ওই পরীক্ষার্থীর চায়ের দোকানে বসে পরীক্ষা দেয়ার ভিডিও এবং স্থিরচিত্র সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হয়ে পড়েছে। জানা যায়, বৃহস্পতিবার ফিকাহ দ্বিতীয়পত্রের পরীক্ষা চলাকালে শুশুণ্ডা ইসলামিয়া আলিম মাদ্রাসা কেন্দ্র থেকে উত্তরপত্র বের করে শুশুণ্ডা আলিম মাদ্রাসার ছাত্র হাবীবুল হক কেন্দ্রের পার্শ্ববর্তী একটি চায়ের দোকানে পরীক্ষার খাতা নিয়ে লেখার সময় কেউ একজন মোবাইল ফোনে এ দৃশ্য ধারণ করে। পরে তা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট করলে মুহূর্তের মধ্যে ভিডিওটি ভাইরাল হয়ে পড়ে। এতে সাধারণ পরীক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। শুশুণ্ডা ইসলামিয়া আলিম মাদ্রাসার অধিক্ষ্য ও কেন্দ্র সচিব গিয়াস উদ্দিন বলেন, অতিরিক্ত উত্তরপত্র বাহিরে নেয়ার অভিযোগে হাবীবুল হক নামের এক শিক্ষার্থীকে বহিকার করা হয়েছে। তবে কেন্দ্রে কোনো ধরনের অনিয়ম হচ্ছে না। ইউএনওর প্রতিনিধি সহকারী শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন চৌধুরী বলেন, আমি সব পরীক্ষার্থীদের খাতা যাচাই করেছি কিন্তু খাতা বাহিরে নেয়ার কোনো প্রমাণ পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী কর্মকর্তা মিতু মরিয়ম বলেন, বিষয়টি ফেসবুকে ভাইরাল হলে তা আমারও দৃষ্টিগোচর হয়, এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।